গত ০৮-০১-২০১৯খ্রিঃ মঙ্গলবার ১১.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/মিরপুর/তেজগাঁও/গুলশান/উত্তরা বিভাগের ডিসেম্বর, ২০১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ ঃ ০৮-০১-২০১৯খ্রিঃ ।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ

১.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম, পিপিএম (বার), অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্) ।
২.	জনাব শেখ নাজমুল আলম বিপিএম(বার),পিপিএম(বার), যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৩.	জনাব মোঃ মাহবুব আলম, পিপিএম (বার), যুগ্ম-পুলিশ কমিশনার (ডিবি) ।
৪.	জনাব মুনতাসিরুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৫.	জনাব আনিসুর রহমান, উপ-পুলিশ কমিশনার (প্রেসিকিউশন) ।
৬.	জনাব মশিউর রহমান, বিপিএম,পিপিএম, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা উত্তর) ।
৭.	জনাব রুবাইয়াত জামান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৮.	জনাব ইসতিয়াক হাসান আমীন, সহকারী পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৯.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পুলিশ কমিশনার (দারুসসালাম জোন) ।
১০.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, সহকারী পুলিশ কমিশনার (মোহাম্মদপুর জোন) ।
১১.	জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, সহকারী পুলিশ কমিশনার (রমনা জোন) ।
১২.	জনাব সাজ্জাদ ইবনে রায়হান, সহকারী পুলিশ কমিশনার (নিউমার্কেট জোন) ।
১৩.	জনাব মোঃ বদরুল হাসান ,সহকারী পুলিশ কমিশনার (কোতয়ালী জোন)
১৪.	জনাব সৈয়দ মামুন মোস্তফা, সহকারী পুলিশ কমিশনার (মিরপুর জোন) ।
১৫.	জনাব রফিকুল ইসলাম, পিপিএম (সেবা), সহকারী পুলিশ কমিশনার (গুলশান জোন) ।
১৬.	জনাব মোঃ রাশেদ হাসান, সহকারী পুলিশ কমিশনার (সবুজবাগ জোন) ।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। রমনা মডেল থানার মামলা নং ২৯, তারিখঃ ১৪/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ভিকটিম ও এজাহারনামীয় আসামী চাকুরির জন্য টাকা লেনদেনের বিষয়ের জের ধরে ভিকটিম ও আসামীর মধ্যে ধাক্কাধাক্কির এক পর্যায়ে ভিকটিম ৫ম তলার সিঁড়ির ফাঁকা দিয়ে নিচে পড়ে মারা যাওয়ার ঘটনা। ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০১ জন সাক্ষীর জবানবন্দি কাঃবিঃ ১৬১ ধারা মোতাবেক লিপিবদ্ধ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(৩) অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনারকে মামলাটি তদন্ত তদারকি করার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। শাহবাগ থানার মামলা নং ০৫, তারিখঃ ০৫/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার আসামী মাদকাশক্ত ছিল। সে তার ০২ বছরের অসুস্থ সন্তানের (ভিকটিম) ঠিকমত চিকিৎসা না করার ফলে সন্তানটি মারা যায় বলে ধারণা করা হচ্ছে। সুরতহাল রিপোর্টে কোন আঘাতের চিহ্ন পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ (১) ময়নাতদন্ত রিপোর্ট প্রাপ্তির সাপেক্ষে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। সবুজবাগ থানার মামলা নং ১৫, তারিখঃ ১৪/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে কেচি দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত আসামীকে তার গ্রামের বাড়ীতে অভিযান চালিয়েও গ্রেফতার করা সম্ভব হয়নি। ।

সিদ্ধান্ত ঃ (১) হত্যাকান্ডের মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।
(২) ঘটনায় জড়িত আসামীকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। মুগদা থানার মামলা নং ১৫, তারিখঃ ০৮/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩০৭/৩২৬/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ভিকটিম ও আসামী মামা ভাগ্নে ছিল। মাদক খাওয়াকে কেন্দ্র করে এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে এন্টি কাটার ছুরি দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত ছুরি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। মোহাম্মদপুর থানার মামলা নং ২৪, তারিখঃ ০৫/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/২০১পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ০১ দিনের অজ্ঞাত নবজাতক শিশু ভিকটিমকে হত্যাকরতঃ লাশ গুম করার জন্য রাস্তার ময়লার মধ্যে ফেলে দেওয়ার ঘটনা। ভিকটিমের পরিচয় সনাক্ত করা সম্ভব হয়নি এবং ঘটনায় জড়িত আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমের ডিএনএ সংগ্রহপূর্বক ভিকটিমকে সনাক্ত করার নির্দেশ প্রদান করা হয় ।
(২) ঘটনায় জড়িত আসামীকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয় ।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। আদাবর থানার মামলা নং ১২, তারিখঃ ০৭/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ভিকটিম ও এজাহারনামীয় আসামী স্বামী-স্ত্রী ছিল। পরকীয়ার জের ধরে স্বামী কর্তৃক স্ত্রীকে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত অস্ত্র উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। মিরপুর মডেল থানার মামলা নং ৫৫, তারিখঃ ২৭/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ভিকটিম ভ্যান গাড়িযোগে ফল বিক্রি করার সময় এজাহারনামীয় আসামীর অটোরিক্সা সরাতে বলার জের ধরে কথা কাটাকাটির এক পর্যায়ে আসামী কর্তৃক ভিকটিমকে ধাক্কা মারলে ভিকটিম রাস্তার সাইডের ফুটপাতের উচু অংশে পড়ে মাথায় আঘাতপ্রাপ্ত হয়ে মারা যাওয়ার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। দারুসসালাম থানার মামলা নং ০৩, তারিখঃ ০৩/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি হত্যাকান্ড নয়, এটি একটি দুর্ঘটনা। প্রত্যক্ষদর্শী সাক্ষীর সাক্ষ্য মতে অত্র মামলার গাড়ী চালানোর সময় ধাক্কা লাগার কারণে ভিকটিম পিকআপ এর ধাক্কায় পড়ে গিয়ে মারা যাওয়ার ঘটনা। প্রত্যক্ষদর্শী সাক্ষীর সাক্ষ্য কাঃবিঃ ১৬৪ ধারা মোতাবেক লিপিবদ্ধ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমের ময়নাতদন্ত রিপোর্ট প্রাপ্তির পর ঘটনার মূল রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৯। বনানী থানার মামলা নং ০৬, তারিখঃ ০৭/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩২৬/৩০৭/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ঘটনাটি পরকীয়ার জের ধরে এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) প্রধান আসামী সজিব সহ অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) হত্যাকান্ডে ব্যবহৃত অস্ত্র দ্রুত উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। তুরাগ থানার মামলা নং ২৫, তারিখঃ ২৩/১২/১৮খ্রিঃধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ভিকটিম তার তালাকপ্রাপ্ত স্ত্রীর সহিত পরকীয়ার জের ধরে ২য় স্বামী কর্তৃক হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। উত্তরা পশ্চিম থানার মামলা নং ২০, তারিখঃ ২০/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯৫/৩৯৭/৪১২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমদ্বয়কে এলোপাতাড়ি মারধরকরতঃ নগদ ২,৭০,০০০/-টাকা ডাকাতি করার ঘটনা। ঘটনায় জড়িত ০৩ জন ডাকাতকে দক্ষিণখান থানা পুলিশ টাকা সহ ধৃত করে তন্মধ্যে ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ঘটনায় ব্যবহৃত মাইক্রোবাস জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ডাকাতির কাজে ব্যবহৃত মাইক্রোবাসের মালিকানা যাচাই না হওয়ায় সভায় সভাপতি মহোদয় অসোন্তষ প্রকাশ করেন।
(২) ডিবি-উত্তর বিভাগকে মামলাটি তদন্ত তদারকি করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। শাহবাগ থানার মামলা নং ২৬, তারিখঃ ২৩/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামীরা প্রাইভেটকারযোগে এসে ভিকটিমের আরোহিত রিক্সার গতিরোধ করে ভিকটিমকে পিস্তল ও রামদা দিয়ে ভয়ভীতি প্রদর্শন করে নগদ ১৫,০০০/-টাকা ও ০১টি মোবাইল ছিনতাই করে পালিয়ে যাওয়ার ঘটনা। ছিনতাইয়ের ঘটনায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ছিনতাই হওয়া টাকা ও মোবাইল দ্রুত উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) ঘটনায় জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। নিউমার্কেট থানার মামলা নং ১৩, তারিখঃ ২০/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামীরা প্রাইভেটকারযোগে এসে ভিকটিমের আরোহিত রিক্সার গতিরোধ করে ভিকটিমের হাতে থাকা লেদারের ব্যাগ ছিনতাই করে পালিয়ে যাওয়ার ঘটনা। ছিনতাইয়ের ঘটনায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ছিনতাই হওয়া মালামাল দ্রুত উদ্ধার এবং ছিনতাইকারীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মাইক্রোবাসযোগে ছিনতাইয়ের বিষয়ে থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। ধানমন্ডি মডেল থানার মামলা নং ১৬, তারিখঃ ২৫/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি ছালাম পার্টির সদস্য কর্তৃক ভিকটিমের পথরোধ করে চাকু দিয়ে ভয়ভীতি প্রদর্শন করে করে ০১টি মোবাইল ও স্বর্ণালংকার যার আনুমানিক মূল্য ১,৮৭,০০০/-টাকা ছিনতাইয়ের ঘটনা। ছিনতাইয়ের ঘটনায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ছিনতাই হওয়া মালামাল দ্রুত উদ্ধার এবং ছিনতাইকারীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। সূত্রাপুর থানার মামলা নং ০৯, তারিখঃ ১১/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার অজ্ঞাতনামা আসামীরা নিজেদের ডিবি পুলিশের পরিচয় দিয়ে ভিকটিমকে লঞ্চ হতে নামিয়ে নগদ ১০ লক্ষ টাকা ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি। সিসি টিভি ফুটেজ ও সিডিআর নিয়ে আসামী ধরার চেষ্টা চলছে।

সিদ্ধান্ত ঃ (১) ছিনতাইকারীদের সনাক্তপূর্বক দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) ছিনতাই হওয়া ১০ লক্ষ টাকা দ্রুত উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। খিলগাঁও থানার মামলা নং ২৪, তারিখঃ ১১/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯৪/৩৮৬/৪১২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি এজাহারনামীয় আসামীরা যাত্রীবেশে ভিকটিম সিএনজি ড্রাইভার এর সিএনজি ভাড়া করে সিএনজি ড্রাইভারকে মারধর করে ০১টি মোবাইল, ১,০০০/-টাকা ও সিএনজি ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। লুণ্ঠিত সিএনজি ও মোবাইল উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) অন্যান্য ছিনতাইকারীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। খিলগাঁও থানার মামলা নং ৩৮, তারিখঃ ১৯/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে পথরোধ করে ভয়ভীতি প্রদর্শন করে ০১ টি মোবাইল ও ০১ টি ক্যামেরা যার আনুমানিক মূল্য ৪৭,০০০/-টাকা ছিনতাইয়ের ঘটনা। ছিনতাইয়ের ঘটনায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ছিনতাইকারীদের সনাক্তপূর্বক দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) ছিনতাই হওয়া মোবাইল ও ক্যামেরা দ্রুত উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। রামপুরা থানার মামলা নং ৩১, তারিখঃ ২৮/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমের পথরোধ করে চাকু দিয়ে ভয়ভীতি প্রদর্শন করে ০২ টি মোবাইল ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত মূল ০২ জন আসামীর মধ্যে ০১ জন আসামী স্থানীয় জনতা ও র‌্যাব-০৩ এর সহায়তায় হাতেনাতে ধৃত হয় এবং অন্যজন পালিয়ে যাওয়ার ঘটনা। ছিনতাই হওয়া ০১টি মোবাইল উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। শেরেবাংলানগর থানার মামলা নং ১৫, তারিখঃ ১১/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমের পথরোধ করে জোরপূর্বক নগদ ১৫,০০০/-টাকা ও ০১ টি মোবাইল ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীর মধ্যে ০১ জন আসামী স্থানীয় জনতা হাতেনাতে ধৃত করে এবং অন্যরা পালিয়ে যাওয়ার ঘটনা।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। পল্লবী থানার মামলা নং ৪১, তারিখঃ ২৪/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামীরা ট্রাকযোগে এসে ভিকটিমের বাসার কেয়ারটেকারদ্বয়কে ভয়ভীতি দেখিয়ে ০৩টি মোবাইল ও বাসার সামনে রাখা ১০ মিলি ১১ বান্ডিল লোহার রড যার আনুমানিক মূল্য ৬০,০০০/- ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ছিনতাইকারীদের সনাক্তপূর্বক দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) ছিনতাই হওয়া মোবাইল ও অন্যান্য মালামাল দ্রুত উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। কোতয়ালী থানার মামলা নং ২২, তারিখঃ ২৭/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৪৯৭/ ৪৯৮পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ঘটনাটি মিথ্যা। এজাহারে দায়েরকৃত ঘটনার সাথে মামলার তদন্তকারী কর্মকর্তা কোন সত্যতা খুজে পাননি।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। বিমানবন্দর থানার মামলা নং ০২, তারিখঃ ০২/১২/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৪/৩২৩/৩২৪/৩৮৬/৩৭৯/ ৩৪ পিসি।

আলোচনা ঃ বিমানবন্দর অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা কোন অফিসার সভায় উপস্থিত না থাকা অত্র মামলা সংক্রান্তে কোন আলোচনা হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। মুগদা থানার মামলা নং ০৮, তারিখঃ ০৫/১২/১৮খ্রিঃ, ধারাঃ নাঃ শিঃ নিঃ দঃ আইন ২০০০ সংশোধন ২০০৩ এর ৯(৩)

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক অন্ধ ভিকটিমকে গণধর্ষণ করার ঘটনা। ঘটনায় জড়িত আসামীদের গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) মামলার ঘটনার জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া মামলা তদন্তে আরো ভালভাবে মনোনিবেশ করার পরামর্শ দেন। প্রত্যেক থানা এলাকায় চিহ্নিত ছিনতাইকারী, চাঁদাবাজ ও সন্ত্রাসীদের সনাক্ত করা ও গ্রেফতার করার লক্ষ্যে বিশেষ অভিযান পরিচালনা করার পরামর্শ প্রদান করেন। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সকল পুলিশ সদস্যদেরকে পেশাদারিত্ব মনোভাব নিয়ে নিরাপত্তা প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে। ভবিষ্যতে কোনরূপ কঠিন পরিস্থিতি অত্যন্ত ধৈর্য্য, সাহসিকতা ও পেশাদারিত্বের সহিত মোকাবেলা করার আহবান জানান। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা বিভাগে গত ডিসেম্বর, **২০১৮**খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মোট ২৩ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ১২ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং ডিএমপি (সঃদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৯/অংশ-৪/ তারিখঃ -০১-২০১৯খ্রিঃ।

<u>অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/মতিঝিল/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা/ডিবি-উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন/উইমেন সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। এসি (রমনা/নিউমার্কেট/ধানমন্ডি/কোতয়ালী/খিলগাঁও/সবুজবাগ/তেজগাঁও/মোহাম্মদপুর/মিরপুর/পল্লবী/দারুসসালাম/গুলশান/উত্তরা/বিমানবন্দর) ডিএমপি, ঢাকা।

} **অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।**

৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম/ডিবি), ডিএমপি, ঢাকা।

} **অবগতির জন্য।**

৭। অফিস নথি।

(**শেখ নাজমুল আলম,** বিপিএম-বার,পিপিএম-বার)
বিপি-৬৫৯৮০০৯৩২২
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
কমিশনারের পক্ষে
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫৬৪৭২, ফ্যাক্স-৮৩১৮২১০
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd